নং জে৪/১১৩/৭৬-৭১২—নওয়াবগঞ্জের ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর জনাব মোহাম্মদ কামাল উদ্দিনকে মেহেরপুর জেলার ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর হিসাবে নিযুক্ত করিয়া উক্ত জেলার সদর মহকুমায় বদলী করা হইল।

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং জে৪/১৪৮/৭৬-৭১৮—ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর, বর্তমানে ও, এন্ড এম, বিভাগের এসাইনমেন্ট অফিসার জনাব সেখ নাজির আহম্মদকে ২১শে জানুয়ারী ১৯৭৬ তারিখের ইডি(আর বি)-৪৫/৭৬-১০৪ চাকুরীতে পুনর্বহাল করার পর তাঁহার অনুপস্থিত সময়কাল ১৯৫৯ সালের প্রেস-রেক্সড লিভ রুলস-এর ৩(১)(খ)(২), (৩)(১)(খ)(৩) ও ৪(৩)(১)(ক) বিধি মোতাবেক ২০শে ডিসেম্বর ১৯৭২ তারিখ হইতে ১৯শে এপ্রিল ১৯৭৩ তারিখ পর্যন্ত চার মাস গড়-বেতনে, ২০শে এপ্রিল ১৯৭৩ হইতে ১৯শে ডিসেম্বর ১৯৭৩ তারিখ পর্যন্ত মোট ৮ মাস অর্ধ গড়-বেতনে এবং ২০শে ডিসেম্বর ১৯৭৩ হইতে ২৬শে জানুয়ারী ১৯৭৬ তারিখ পর্যন্ত দুই বৎসর এক মাস ৭ দিন বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী
যুগ্ম-সচিব।

ঢাকা, ৮ই অক্টোবর ১৯৭৬।

নং স,বি/এস১-১/৭৬(অংশ-৩)-৪৪১—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের শাখা প্রধান জনাব এ, বি, এম, আবদুল হান্নানকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত স্বাস্থ্য বিভাগে জনাব সোহরাব উদ্দিন আহমদের স্থলে শাখা প্রধান হিসাবে নিয়োগ করা হইল।

নং স,বি/এস১-১/৭৬(অংশ-৩)-৪৪২—স্বাস্থ্য বিভাগের শাখা প্রধান প্রাক্তন সি, এস, এস, অফিসার জনাব সোহরাব উদ্দিন আহমদকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জনাব এ, বি, এম, আবদুল হান্নানের স্থলে শাখা প্রধান হিসাবে নিয়োগ করা হইল।

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং স,বি/এ২-১৭৪/৭৫-৪৩৭—বাংলাদেশ পাবলিক সার্ভিস (দ্বিতীয়) কমিশনের সদস্য মিঃ সন্তোষ ভূষণ দাসকে বি, এস, আর, ১ম খণ্ডের ১৬৮(১) ধারা মোতাবেক ৫ই জুলাই ১৯৭৬ তারিখ হইতে ৪ঠা আগষ্ট ১৯৭৬ তারিখ পর্যন্ত ৩১ দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাজমুল আবেদীন খান
যুগ্ম-সচিব।

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং স,বি/এ২-৪৯/৭৬-৪৩৮—বেতন ও চাকুরী কমিশনের বিশেষ ভারপ্রাপ্ত অফিসার (উপ মহা পুলিশ পরিদর্শক) মিঃ এস, কে, চৌধুরীকে ১৯৫৯ সালের ছুটি বিধির ৩(১)(খ)(২) ধারা মোতাবেক গড়-বেতনে ২৫শে এপ্রিল ১৯৭৬ তারিখ হইতে ১৪ই মে ১৯৭৬ তারিখ পর্যন্ত ২০ দিনের ছুটি মঞ্জুর করা হইল।

নং স,বি/এ২-৬০/৭৬-৪৩৯—ঢাকার আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক জনাব এ, এম, নূরুল ইসলামকে ১৯৫৯ সালের ছুটি বিধির ৩(১)(খ)(২) ধারা মোতাবেক গড়-বেতনে স্বাস্থ্যগত কারণে ১২ই এপ্রিল ১৯৭৬ তারিখ হইতে ২১শে জুন ১৯৭৬ তারিখ পর্যন্ত ২ মাস ১০ দিনের ছুটি মঞ্জুর করা হইল।

ঢাকা, ১১ই অক্টোবর ১৯৭৬।

নং স,বি/এ২-১৪২/৭৫(অংশ)-৪৪১—কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব আনোয়ার হোসেন সরদারকে ১০ই নভেম্বর ১৯৭৫ তারিখ হইতে ৮ই জানুয়ারী ১৯৭৬ তারিখ পর্যন্ত এবং ২৭শে ফেব্রুয়ারী ১৯৭৬ তারিখ হইতে ৮ই মার্চ ১৯৭৬ তারিখ পর্যন্ত সময়ের জন্য তাঁহার নিজ দায়িত্বের অতিরিক্ত কুষ্টিয়ার জেলা ও দায়রা জজের চলতি দায়িত্ব প্রতিপালনের ভার অর্পণ করা হয়।

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং স,বি/এ-৩/২১০/৭৪-১৯৩—অত্র বিভাগের ১০ই জুলাই ১৯৭৬ তারিখের স,বি/এ৩/২১০/৭৪-১৩৯ নং বিজ্ঞপ্তির যে আদেশে সংস্থাপন বিভাগের শাখা প্রধান জনাব মুজিবুর রহমান চৌধুরী, (সাবেক ই, পি, সি, এস)-কে জেলা গেজেটিয়ারের গবেষণা অফিসার (রিসার্চ অফিসার) পদে নিয়োগের আদেশ জারী করা হইয়াছিল এতদ্বারা তাহা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ মোহাম্মদ ফরিদ
উপ-সচিব।

কৃষি মন্ত্রণালয়

শাখা ১

ঢাকা, ৬ই অক্টোবর ১৯৭৬।

নং ৫২৭—বর্তমানে তেজগাঁ (ঢাকা) কৃষি সম্প্রসারণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অধ্যক্ষ এবং কৃষি (সঃ ও বাঃ) বিভাগের অধীনস্থ ও উচ্চ কৃষি চাকুরী তালিকার অন্তর্গত কর্মকর্তা জনাব মোঃ লুৎফুল হককে বদলী করা হইল এবং পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত তাঁহাকে পূর্বোক্ত চাকুরীতে পূর্বোক্ত বিভাগের অধীনে অস্থায়ীভাবে খাদিমনগর (সিলেট) কৃষি সম্প্রসারণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অধ্যক্ষ হিসেবে নিয়োগ করা হইল।

নং ৫২৮—কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের অধীনস্হ ও উচ্চ কৃষি চাকুরী তালিকার অন্তর্গত জনসংখ্যা নিরোধ প্রকল্পের প্রাক্তন প্রকল্প পরিচালক ও ঢাকা জেলার জেলা কৃষি কর্মকর্তা জনাব এন, এম, মোমতাজ উদ্দিন খানকে বদলী করা হইল এবং পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত তাঁহাকে পূর্বোক্ত চাকুরীতে পূর্বোক্ত বিভাগের অধীনে অস্হায়ীভাবে যোগদানের তারিখ থেকে তেজগাঁ (ঢাকা) কৃষি সম্প্রসারণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অধ্যক্ষ হিসেবে নিয়োগ করা হইল।

নং ৫২৯—কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের অধীনস্হ ও উচ্চ কৃষি চাকুরী তালিকার অন্তর্ভুক্ত জনসংখ্যা নিরোধ প্রকল্পের প্রাক্তন প্রকল্প পরিচালক এবং ঢাকা জেলার জেলা কৃষি কর্মকর্তা জনাব এন, এম, মোমতাজ উদ্দিন খানকে ৭ই ফেব্রুয়ারী ১৯৭৬ তারিখ থেকে মন্ত্রণালয়ের ৯ই জুন ১৯৭৬ তারিখের ৩০৩ সংখ্যক বিজ্ঞপ্তির মারফতে সাময়িকভাবে কর্মচ্যুত করা হয়েছিল। মাননীয় আদালত তাঁহাকে তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে সসম্মানে বেকসুর খালাস দেওয়ায় মন্ত্রণালয়ের ৯ই জুন ১৯৭৬ তারিখের ৩০৩ সংখ্যক বিজ্ঞপ্তিতে প্রদত্ত সাময়িক কর্মচ্যুতির আদেশ প্রত্যাহার করা হইল এবং চাকুরীতে পুনর্বহাল করা হইল।

৭ই ফেব্রুয়ারী ১৯৭৬ তারিখ থেকে অনুপস্হিতিকাল কর্তব্য হিসেবে গণ্য করা হইবে এবং তিনি উক্ত সময়ের জন্যে ভরণ পোষণ ভাতা যদি তিনি নিয়ে থাকেন তাহা বাদ দিয়ে পুরা বেতন পাবেন।

নং ৫৩২—বর্তমানে কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের সদর দপ্তরের উপ-সহকারী কৃষি পরিচালক (প্রকল্প) এবং কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের অধীনস্হ ও কৃষি চাকুরী তালিকা (প্রথম) শ্রেণীর অন্তর্গত কর্মকর্তা জনাব ফয়েজ আহম্মদ চৌধুরীকে পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত তাঁহাকে পূর্বোক্ত চাকুরীতে পূর্বোক্ত বিভাগের অধীনে অস্হায়ীভাবে ডেপুটি কোরানটাইন এন্টোমোলজিষ্ট (Deputy Quarantine Entomologist) হিসাবে নিয়োগ করা হইল।

নং ৫৩৩—ঢাকা বিভাগের আঞ্চলিক কৃষি পরিচালক দপ্তরের প্রাক্তন উপ-সহকারী কৃষি পরিচালক এবং কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের অধীনস্হ ও কৃষি চাকুরী তালিকা (প্রথম) শ্রেণীর অন্তর্গত কর্মকর্তা জনাব এ, এফ, মাহমুদকে পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত তাঁহাকে পূর্বোক্ত চাকুরীতে পূর্বোক্ত বিভাগের অধীনে অস্হায়ীভাবে যোগদানের তারিখ থেকে জনাব ফয়েজ আহম্মদ চৌধুরীর যায়গায় উপ-সহকারী কৃষি পরিচালক (প্রকল্প) হিসেবে নিয়োগ করা হইল।

ঢাকা, ৭ই অক্টোবর ১৯৭৬।

নং ৫৩৬—বর্তমানে রংপুর জেলার জেলা কৃষি কর্মকর্তা, কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের অধীনস্হ ও কৃষি চাকুরী তালিকা (প্রথম) শ্রেণীর অন্তর্গত কর্মকর্তা সৈয়দ আব্দুল মজিদকে ১৯৫৯ সনের নির্দ্ধারিত ছুটি বিধির ৩(১)(বি)(২) বিধি অনুযায়ী ১৬ই ডিসেম্বর ১৯৭১ তারিখ থেকে ২৫শে মার্চ ১৯৭২ তারিখ পর্যন্ত তিন মাস নয় দিন গড়-বেতনে, ২৬শে মার্চ ১৯৭২ তারিখ থেকে ৯ই অক্টোবর ১৯৭২ তারিখ পর্যন্ত ছয় মাস তের দিন আধা গড়-বেতনে এবং উপরোক্ত বিধির ৯(৩) বিধিমতে ১০ই অক্টোবর ১৯৭২ তারিখ থেকে ৩১শে জানুয়ারী ১৯৭৬ তারিখ পর্যন্ত বিনা বেতনে এক্সট্রা অর্ডিনারী ছুটি মঞ্জুর করা হইল।

মন্ত্রণালয়ের ২০শে সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের ৫০৯ সংখ্যক বিজ্ঞপ্তি বাতিল করা হইল।

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং ৫৫৩—বর্তমানে খাদিমনগর কৃষি সম্প্রসারণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষক এবং কৃষি (সঃ ও ব্যঃ) বিভাগের অধীনস্হ ও কৃষি চাকুরী তালিকা (প্রথম) শ্রেণীর অন্তর্গত কর্মকর্তা জনাব মাহবুবুল হককে বদলী করা হইল এবং পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত তাঁহাকে পূর্বোক্ত চাকুরীতে বীজ অনুমোদন সংস্হার অধীনে অস্হায়ীভাবে এবং এড-হক ভিত্তিতে কৃষিবীজ (Agronomist) হিসেবে নিয়োগ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মুস্তাফিজুর রহমান

উপ-সচিব (প্রঃ)।

Section III

Dacca, the 12th October 1976.

No. III/Tamak-13/76/760.—On the recommendation of the Public Service (1st) Commission the *ad hoc* appointment of Mr Youssuf Majumder to the post of Deputy Director (Production), under the Scheme of Production, Curing and Marketing of Tobacco made in the Ministry's Notification No. III/Tamak-41/73/879, dated the 17th November 1973, is regularised.

By order of the President

ASHRAFUDDIN CHOUDHURY

Section Officer.

Section IV

Dacca, the 5th October 1976.

No. 4/4Ka-24/76/881.—On the recommendation of the Medical Board Mrs Hosne Ara Khatun, Assistant Economic Botanist (Fibre), in the BAS-I, under the Directorate of Agriculture (R&E), is allowed to retire from service on invalid pension with effect from 24th July 1975.

This cancels this Ministry's Notification No. 4/4Ka-29/75/887, dated the 20th September 1975.

ঢাকা, ৬ই অক্টোবর ১৯৭৬।

নং ৪/প-৪০/৭৬/৮৮৬—উদ্ভিদ সংরক্ষণ বিভাগের বৈমানিক জনাব মোঃ আখতারুজ্জামানকে উক্ত পদের দায়িত্বভার ত্যাগ করার তারিখ থেকে উদ্ভিদ সংরক্ষণ বিভাগ হইতে অব্যাহতি দেয়া হল।

নং ৪/প-৪০/৭৯/৮৮৭—উদ্ভিদ সংরক্ষণ বিভাগের নির্বাহী বৈমানিক জনাব এ, কে, এম, এ, কায়ুমকে উক্ত পদের দায়িত্বভার ত্যাগ করার তারিখ থেকে উদ্ভিদ সংরক্ষণ বিভাগ হইতে অব্যাহতি দেয়া হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হামিদুর রহমান

শাখা প্রধান।

Forest, Fisheries and Livestock Division

General Section

Dacca, the 6th October 1976.

No. Sec-III(B)/258/76/111.—Mr Sk. Mofizuddin Ahmed, Deputy Secretary (Planning) of the Forest, Fisheries and Livestock Division, was allowed to perform the duties of Deputy Secretary (Administration) in the same Division, in addition to his own duties, with effect from 30th July 1976, until further orders.

By order of the President

M. YOUSSOUF ALI

Joint Secretary.

Dacca, the 4th October 1976.

No. সাধারণ (B)-118/76/106.—Mr Golam Sadeque, Head Assistant of Forest, Fisheries and Livestock Division, is temporarily and until further orders appointed to hold the current duties of Section Officer in the same Division, in addition to his own duties, with effect from 1st October 1976.

ঢাকা, ৭ই অক্টোবর ১৯৭৬।

নং সাধারণ (বি) ৭৩/৭৬/১২৩—বাংলাদেশ প্রথম কর্ম কমিশন-এর সুপারিশক্রমে কৃষি মন্ত্রণালয়ের বন, মৎস্য ও পশুপালন বিভাগের পরিকল্পনা ও মূল্যায়ন কোষে নিয়োজিত গবেষণা অফিসার জনাব এস, এম, ওয়ালীউর রহমানের অস্থায়ী এড-হক নিয়োগের চাকুরীর মেয়াদ পুনরায় ৩১শে মার্চ ১৯৭৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হইল।

নং সাধারণ(বি)৭৩/৭৬/১২৪—বাংলাদেশ কর্ম কমিশন (১ম)-এর সুপারিশক্রমে কৃষি মন্ত্রণালয়ের বন, মৎস্য ও পশু-পালন বিভাগের পরিকল্পনা ও মূল্যায়ন কোষে নিয়োজিত অর্থনীতিবিদ জনাব আসাদ-উদ দৌলা চৌধুরীর অস্থায়ী এড-হক নিয়োগের চাকুরীর মেয়াদ পুনরায় ৩১শে মার্চ ১৯৭৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মফিজউদ্দিন আহমেদ

উপ-সচিব।

Section II

Dacca, the 22nd September 1976.

No. 763.—Mr Syed Abdur Rahman, Divisional Forest Officer, Cox's Bazar Division, is transferred and posted, until further orders, as Assistant Chief Conservator of Forests at the Directorate Headquarter with effect from the date of taking over charge.

No. 764.—Mr Md. Abdus Satter, Divisional Forest Officer, Working Plan Division, Chittagong, is transferred and posted, until further orders, as Divisional Forest Officer, Cox's Bazar Division, with effect from the date of taking over charge.

No. 765.—Mr Anwar Faruque, Assistant Conservator of Forests, Subdivisional Forest Officer, Chittagong, is appointed to hold current charge of the office of the Divisional Forest Officer, Working Plan Division, Chittagong, in addition to his own duties, until further orders.

By order of the President

Q. J. AHMAD

Secretary.

শাখা ৮

ঢাকা, ৩০শে সেপ্টেম্বর ১৯৭৬।

নং ৮/প্রঃ-১১/৭৬/৬৪৭—বাংলাদেশ হায়ার লাইভস্টক সার্ভিসের অন্তর্গত পশুপালন বিভাগাধীন ময়মনসিংহ পশু চিকিৎসা প্রশিক্ষণ শিক্ষায়তনের অধ্যক্ষ বাবু সুবিনয় দত্তকে ১১৫১ সালের নির্ধারিত ছুটি বিধির ৩(১)(বি)(২) ধারা অনুযায়ী ৫ই অক্টোবর ১৯৭৬ তারিখ হইতে ৪ঠা এপ্রিল ১৯৭৭ তারিখ পর্যন্ত ৬ মাস গড়-বেতনে এবং তৎসহ উক্ত বিধির ৩(১)(বি)(৩) ধারা অনুযায়ী ৫ই এপ্রিল ১৯৭৭ তারিখ হতে ৪ঠা অক্টোবর ১৯৭৭ তারিখ পর্যন্ত ৬ মাস অর্ধ গড়-বেতনে সর্বমোট ১ বৎসর অবসর প্রস্তুতি ছুটি মঞ্জুর করা হলো।

সংশ্লিষ্ট কর্মকর্তা ৫ই অক্টোবর ১৯৭৭ তারিখ হতে অবসর গ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মফিজউদ্দিন আহমেদ

উপ-সচিব।

আদেশ

ঢাকা, ৫ই অক্টোবর, ১৯৭৬।

নং ৮/পোঃ-১৬/৭৬/৬৬৩—নেত্রকোনা মহকুমার মহকুমা পশুপালন কর্মকর্তা জনাব আফসার আলী (বর্তমানে সাময়িক-ভাবে কর্মচ্যুত) ১৯৭৪ সালের জুলাই মাসে উক্ত মহকুমার বন্যা প্লাবিত এলাকায় দুর্গত লোকদের সাহায্যার্থে ত্রাণ শিবিরের ভারপ্রাপ্ত কর্মকর্তা থাকাকালীন সংশ্লিষ্ট উর্ধতন কর্মকর্তার (মহকুমা প্রশাসক) বিনানুমতিতে ২৭শে জুলাই ১৯৭৪ তারিখে স্বীয় কর্মস্থল ত্যাগ করিয়া অন্যত্র যাওয়ায় ত্রাণ কার্যে গাফিলতি প্রদর্শন করেন এবং মহকুমা প্রশাসকের আদেশের অবমাননা করেন বলিয়া কতিপয় অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের ভিত্তিতে তাঁহাকে প্রথমতঃ চাকুরী হতে সাময়িক-ভাবে কর্মচ্যুত করা হয় এবং পরে তাঁহার বিরুদ্ধে ১৯৬০ সনের সরকারী কর্মচারী (দক্ষতা ও শৃংখলা) বিধির ৩ (খ) ধারা অনুসারে একটি বিভাগীয় তদন্ত অনুষ্ঠানের নির্দেশ দেওয়া হয়। উক্ত ব্যাপারে অভিযোগনামা এবং অভিযোগের ধারা-বিবরণী প্রস্তুত করে তদন্ত কার্য পরিচালনার জন্য সংস্থাপন বিভাগের উপ-সচিব জনাব মোহাম্মদ ইস্‌হাককে তদন্তকারী অফিসার হিসাবে নিয়োগ করা হয়। উক্ত তদন্ত-কারী অফিসার অভিযোগনামা, অভিযুক্ত কর্মকর্তার কৈফিয়ত ও অন্যান্য কাগজপত্র পরীক্ষা করে তাঁর তদন্ত রিপোর্ট পেশ করেন।

দেখা যায় যে মূল সাক্ষী জনাব মনছুরুল হক যিনি ঘটনার সময় নেত্রকোনা মহকুমার মহকুমা প্রশাসক ছিলেন তিনি সাক্ষ্য দিতে বার বার ঢাকায় আসিতে অপারগ হওয়ায় তদন্তকারী অফিসার আর বিলম্ব না করে তাঁর রিপোর্ট সম্পন্ন করে পেশ করেন। তদন্ত-কারী অফিসার এই অভিমত ও সিদ্ধান্ত প্রদান করেছেন যে সাক্ষী-প্রমাণের অভাবে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে অসদাচরণের অভি-যোগ প্রমাণিত হয় নাই। অভিযুক্ত কর্মচারী অভিযোগের দায় হতে রেহাই পাওয়ার যোগ্য বলে তদন্তকারী অফিসার সুপারিশ করেছেন।

উপরোক্ত অবস্থায়, তদন্তকারী অফিসারের সুপারিশ গ্রহণ-পূর্বক জনাব আফসার আলীকে তাঁর স্বীয় পূর্ব পদে পুনর্নিয়োগ করা হলো। তাঁর সাময়িক কর্মচ্যুতিকালকে কর্তব্যরত সময় বলে বিবেচনা করা হোক এবং উক্ত সময়কালীন তিনি যে সাবসিসটেন্স ভাতা গ্রহণ করেছিলেন তাহা কেটে রেখে তাঁকে উক্ত সময়ে প্রাপ্য বকেয়া বেতন প্রদান করা যেতে পারে।

ভবিষ্যতে যাতে তিনি ঠিকভাবে শৃংখলা ও সততার সহিত সরকারী কর্তব্য পালন করেন সে জন্য তাঁকে সতর্ক করে দেওয়া হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মফিজ উদ্দিন আহমদ

উপ-সচিব।

ঢাকা, ৬ই অক্টোবর ১৯৭৬।

নং ৮/প্রঃ-১১০/৭৬/৬৬৭—অত্র মন্ত্রণালয়ের ১৬ই জানু-য়ারী ১৯৭৬ তারিখের ৮/প্রঃ-২৩৮/৭৫/৩৫ সংখ্যক বিজ্ঞপ্তিতে নিম্নলিখিত ১২ জন প্রার্থীকে থানা পশুপালন কর্মকর্তা হিসাবে নিয়োগ করা হয়েছিল কিন্তু তাঁরা তাঁদের কাজে এযাবৎ

যোগদান করেননি। তাই ঐ ১২ জন প্রার্থীর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য করা হলোঃ

(১) জনাব মোসলেহ উদ্দিন, থানা পশুপালন কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী।

(২) জনাব কে, এম, জহিরুল হক, থানা পশুপালন কর্মকর্তা, মোহনপুর, রাজশাহী।

(৩) জনাব এ, কে, এম, সিরাজুল হক, থানা পশুপালন কর্মকর্তা, ধামুরহাট, রাজশাহী।

(৪) জনাব মোঃ শামসুর রহমান, থানা পশুপালন কর্মকর্তা, সিংরা, রাজশাহী।

(৫) জনাব মোঃ আবদুল বাকী, থানা পশুপালন কর্মকর্তা, ভোলাহাট, রাজশাহী।

(৬) জনাব জালাল উদ্দিন আহমেদ, থানা পশুপালন কর্মকর্তা, ঘোড়াঘাট, দিনাজপুর।

(৭) জনাব মোঃ আবদুল কুদ্দুস, থানা পশুপালন কর্মকর্তা, চিড়ির বন্দর, দিনাজপুর।

(৮) জনাব আবু জাফর মোঃ ফজলে মাহমুদ, থানা পশুপালন কর্মকর্তা, আটওয়ারী, দিনাজপুর।

(৯) জনাব মোঃ শামসুল হুদা, থানা পশুপালন কর্মকর্তা, বালিয়াডাঙ্গা, দিনাজপুর।

(১০) জনাব কাজী মোঃ ইমদাদুল হক, থানা পশুপালন কর্মকর্তা, মান্দা, রাজশাহী।

(১১) জনাব মোঃ নুরুল ইসলাম সরদার, থানা পশুপালন কর্মকর্তা, শ্যামনগর, খুলনা।

(১২) জনাব মোঃ মোকসেদ আলী, থানা পশুপালন কর্মকর্তা, উজিরপুর, বরিশাল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কে, এম, আবু সালেহ
শাখা প্রধান।

MINISTRY OF COMMERCE

Dacca, the 13th October 1976.

No. 1(1)/73-Ins. II.—In exercise of the powers conferred under sub-section (*3*) of section 8 of the Insurance Corporation Act, 1973, Government is pleased to appoint Mr A. T. Qamruzzaman Syed, General Manger of Jiban Bima Corporation, to perform the duties of the Managing Director of the said Corporation, in addition to his own duties, till Mr Moyeedul Islam, on leave, resumes his duties as Managing Director or till Mr Harun-ur-Rashid returns after availing a study tour programme under UNDP from abroad, whichever is earlier.

A. K. Md. SIRAJUDDIN
Deputy Secretary (Ins.).

Dacca, the 11th October 1976.

No. 1L-5/76/Admn. II/970.—Mr Shafiullah Khan, Additional Director of Supply under the Department of Supply and Inspection, is granted leave on average pay for one month with effect from 2nd June 1976 to 1st July 1976 under rule 3(1)(b)(ii) of the Prescribed Leave Rules, 1959.

By order of the President
M. I. KHAN
Section Officer.

Admn. III.

Dacca, the 12th October 1976.

No. 51/A-III/76.—Mr A. K. M. Nizamur Rahman has assumed charge of the Office of the Deputy Secretary, Ministry of Commerce, with effect from the forenoon of 20th September 1976.

By order of the President
ABUL FAIZ
Section Officer.

যোগাযোগ মন্ত্রণালয়

বন্দর, জাহাজ চলাচল ও আভ্যন্তরীণ নৌ-চলাচল বিভাগ

বন্দর প্রশাসন শাখা।

ঢাকা, ৫ই অক্টোবর ১৯৭৬।

নং পিই/২ই-৫/৭৫/৬২৫—চালনা বন্দর পরিদপ্তরের অধীনে একটি সহকারী প্রকৌশলী (সিভিল) পদে চালনা বন্দর পরিদপ্তরের নির্বাচন কমিটির সুপারিশক্রমে সরকার জনাব মোহাম্মদ কলিম উদ্দিন সরকারের পুত্র জনাব মোহাম্মদ নুরুল ইসলামকে চালনা বন্দরের সহকারী প্রকৌশলী (সিভিল) পদ সাময়িক (এড-হক) ও অস্থায়ী ভিত্তিতে ৬ মাসের জন্য শারীরিক উপযুক্ততা সম্বন্ধীয় ও বিগত দিনের রাজনৈতিক ও চারিত্রিক বিষয় সম্বন্ধে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ করা হইল। এবং প্রয়োজনবোধে কোন কারণ না দর্শাইয়া তাঁহাকে অপসারণ করা যাইতে পারে। এই পদটি জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত। এই বিজ্ঞপ্তি দ্বারা ৮ই জুলাই ১৯৭৬ তারিখের নম্বর পিই/২ই-৫/৭৫/৪৭৬এ জনাব খলিলুর রহমানের পুত্র জনাব নুরুল আমিনের নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কে, জি, মহিউদ্দিন
যুগ্ম-সচিব।

রেলওয়ে, সড়ক, জনপথ ও সড়ক পরিবহণ বিভাগ

আর, এইচ, ই, শাখা।

ঢাকা, ৪ঠা অক্টোবর ১৯৭৬।

নং ২টি-৫/৭৪-৭৬/৮৭৭-আর, এইচ, ই—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনস্থ সড়ক ও জনপথ পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আজিজুর রহমানকে জনস্বার্থের খাতিরে একই পরিদপ্তরের অধীনে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত রোড রিসার্চ লেবরেটরীর পরিচালক হিসাবে নিয়োগ করা হইল।

ঢাকা ৮ই অক্টোবর ১৯৭৬।

নং ৬পি-৫/৭৫-৭৬/৮৮৮-আর, এইচ, ই—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনস্থ সড়ক ও জনপথ পরিদপ্তরের নিম্নলিখিত সহকারী প্রকৌশলীদ্বয়কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সাময়িকভাবে অস্থায়ী ভিত্তিতে পদোন্নতি দিয়া নির্বাহী প্রকৌশলী (সিভিল) হিসাবে নিয়োগ করা হইলঃ

(১) জনাব মোঃ ফজলুল কবির।

(২) জনাব এ, এস, এম, মঞ্জুর।

নং ২টি-৫/৭৪-৭৬/৮৮৯-আর, এইচ, ই—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনস্থ সড়ক ও জনপথ পরিদপ্তরের নিম্নলিখিত নির্বাহী প্রকৌশলীগণকে জনস্বার্থের খাতিরে একই

পরিদপ্তরের অধীনে তাঁহাদের নিজ নিজ নামের পার্শ্বে বর্ণিত স্থানে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বদলী করা হইলঃ

(১) বাবু এ, বি, চাকমা, নির্বাহী প্রকৌশলী, রাংগামাটি সড়ক বিভাগ—নির্বাহী প্রকৌশলী, বান্দরবন সড়ক বিভাগ।

(২) জনাব ফজলুল করিম, নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ-১—নির্বাহী প্রকৌশলী, ঢাকা সিটি বিভাগ।

(৩) জনাব দেলোয়ার হোসেন, নির্বাহী প্রকৌশলী, প্রারম্ভিক প্রকৌশল-২—নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ-১, ঢাকা।

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং ২টি-৫/৭৪-৭৬/৮৯০-আর, এইচ, ই—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনস্থ সড়ক ও জনপথ পরিদপ্তরের নিম্নলিখিত নির্বাহী প্রকৌশলীগণকে জনস্বার্থের খাতিরে একই পরিদপ্তরের অধীনে তাঁহাদের নিজ নিজ নামের পার্শ্বে বর্ণিত স্থানে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বদলী করা হইলঃ

(১) জনাব নুরুল আজম খান, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, বিশেষ প্রকল্প, ঢাকা।

(২) জনাব এ, এম, আতিকুল্লাহ, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি সড়ক বিভাগ।

(৩) জনাব আবদুল আউয়াল, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, সড়ক ডিজাইন বিভাগ-২, ঢাকা।

(৪) জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, সেতু জরীপ বিভাগ, ঢাকা।

(৫) জনাব মোঃ ফরহাদ হোসেন, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, প্রারম্ভিক প্রকৌশলী-২, ঢাকা।

(৬) জনাব মোঃ ফজলুল কবির, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর সড়ক বিভাগ।

(৭) জনাব এ, এস, এম, মঞ্জুর, নির্বাহী প্রকৌশলী—নির্বাহী প্রকৌশলী, বৈদেশিক সাহায্য পুষ্ট প্রকল্প।

ঢাকা, ১১ই অক্টোবর ১৯৭৬।

নং ২টি-৫/৭৪-৭৬/৮৯১-আর, এইচ, ই—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনস্থ সড়ক ও জনপথ পরিদপ্তরের নিম্নলিখিত নির্বাহী প্রকৌশলীগণকে জনস্বার্থের খাতিরে একই পরিদপ্তরের অধীনে তাঁহাদের নিজ নিজ নামের পার্শ্বে বর্ণিত স্থানে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বদলী করা হইলঃ

(১) জনাব আব্দুল হাকিম, গঠন প্রকৌশলী, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম সড়ক বিভাগ।

(২) জনাব এ, বি, সিদ্দিক, নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার সড়ক বিভাগ—গঠন প্রকৌশলী, ঢাকা।

(৩) জনাব এম, এ, কবির চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, ঘূর্ণিঝড় সড়ক বিভাগ, পটুয়াখালী—নির্বাহী প্রকৌশলী, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, ঢাকা।

(৪) জনাব এ, বি, এম, আব্দুল কবির, গঠন প্রকৌশলী, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার সড়ক বিভাগ।

(৫) জনাব আব্দুল মান্নান (২), নির্বাহী প্রকৌশলী, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, বিশেষ প্রকল্প, ঢাকা।

(৬) জনাব মোঃ ফরহাদ হোসেন, নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর সড়ক বিভাগ—নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ-৩, ঢাকা।

ঢাকা, ১২ই অক্টোবর ১৯৭৬।

নং ২এম-৬৭/৭৫/৮৯৫-আর, এইচ, ই—বাংলাদেশ পাবলিক সার্ভিস (প্রথম) কমিশন এবং সংস্থাপন বিভাগের অনুমোদনক্রমে নিম্নলিখিত ব্যক্তিগণকে সাময়িকভাবে এড-হক ভিত্তিতে ৬ মাসের জন্য অথবা পদগুলি উক্ত পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়মিতভাবে পুরণ, এই দুইটি সময়ের অল্পতর সময়ের জন্য, সড়ক ও জনপথ পরিদপ্তরের অধীনে সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) হিসাবে নিয়োগ করা হইল। এই নিয়োগ যে তারিখে তাঁহারা কাজে যোগদান করিবেন সেই তারিখ হইতে কার্যকরী হইবে।

এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং যে কোন সময়ে কোন কারণ না দর্শাইয়া অথবা বিনা নোটিশে তাঁহাদিগকে চাকুরী হইতে অপসারণ করা যাইবেঃ

(১) বাবু সুভাস চন্দ্র বসু।

(২) বাবু তরুণ কুমার চন্দ্র।

(৩) জনাব এ, কে, এম, সামছুর রহমান।

(৪) জনাব কাজী এ, জেড, এম, শফিকুল হক।

(৫) জনাব খন্দকার মোঃ মইনুল আহম্মদ।

(৬) জনাব মোঃ মোতাকাবির হোসেন,

এফ, এফ, নং ১৮১৮৬০।

(৭) জনাব মোঃ নুরুল আলম।

(৮) জনাব মোঃ গোলাম সারোয়ার ভূইয়া।

(৯) জনাব এ, কে, এম; খালেকুজ্জামান।

এখানে উল্লেখ করা যাইতে পারে যে মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং ২এম-৬৭/৭৫/৫৭২-আর,এইচ,ই, তারিখ ২১শে মে ১৯৭৬-এর বিজ্ঞপ্তির মারফতে যে সকল প্রার্থীদিগকে সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) হিসাবে নিয়োগ করা হইয়াছিল, তাহার ভিতর ক্রমিক নং ১, ৩, ৫, ৮, ১০, ১১, ১২, ১৮ ও ২২ প্রার্থীদিগকে বার বার তাগিদ দেওয়া সত্বেও কাজে যোগদান না করায় তাঁহাদের নিয়োগপত্র বাতিল করা হইল এবং তাঁহাদের স্থলে উপরে বর্ণিত ৯ জন প্রার্থীদিগকে নিয়োগ করা হইল।

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং ১এল-৮/৭৬/৮৯৯-আর,এইচ,ই—সড়ক ও জনপথ পরিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব আজিজুর রহমান চৌধুরীকে ১৯৫৯ সালের নির্দ্ধারিত ছুটি নিয়মাবলীর ৩(১)(খ)(২) ধারা মোতাবেক ১লা নভেম্বর ১৯৭৬ তারিখ হইতে ৩০শে এপ্রিল ১৯৭৭ তারিখ পর্যন্ত ৬ মাসের পূর্ণ গড়-বেতনে ও ১লা মে ১৯৭৭ তারিখ হইতে ৩১শে অক্টোবর ১৯৭৭ তারিখ পর্যন্ত ৬ মাসের অর্ধ বেতনে, মোট ১ বৎসরের জন্য অবসর গ্রহণের প্রস্তুতিকালীন ছুটি মঞ্জুর করা হইল।

উপরোক্ত ছুটির মেয়াদ শেষ হওয়ার পর তাঁহাকে ১লা নভেম্বর ১৯৭৭ তারিখে চাকুরী হইতে অবসর গ্রহণের অনুমতি দেওয়া হইল।

Dacca, the 11th October 1976.

No. 4P-1/76/892-RHE.—Mr Monirul Islam, Superintending Engineer, Common Service and Resources Circle, Dacca, under the Roads and Highways Department, is transferred, in the interest of public service, and posted as full-time Planning Member of the Rajshahi Division Development Board, Rajshahi, with rank and status of Superintending Engineer, until further orders, *vice* Mr D. M. A. B. Siddique.

This cancels this Ministry's Notification No. 4P-1/76/683-RHE, dated the 30th June 1976.

No. 4P-1/76/893-RHE.—Mr Abdul Matin (II), Executive Engineer, under the Roads and Highways Department, is promoted on *ad hoc* basis and appointed, in the interest of public service, to act, until further orders, as officiating Superintending Engineer, Mymensingh Road Circle, in the same Department, with immediate effect.

No. 4P-1/76/894-R.H.E.—Mr Md. Matiur Rahman, Executive Engineer, under the Roads and Highways Department, is promoted on *ad hoc* basis and appointed, in the interest of public service, to act, until further orders, as officiating Superintending Engineer, Common Service and Resources Circle, Dacca, in the same Department, with immediate effect, *vice* Mr Monirul Islam, transferred.

By order of the President

Md. TOUHID KHAN
Deputy Secretary.

Aviation and Tourism Division

(*Tourism Cell*)

Dacca, the 13th October 1976.

No. BT(PF)-32/74-962.—This Division's notification No. BT(PF)-32/74-790, dated the 30th June 1976 regarding appointment of Mr Md. Abdul Aziz Sarkar, Assistant Chief, Tourism Cell, for holding current charge of the vacant post of another Assistant Chief in the said office, in addition to his own duties, is hereby treated as cancelled with effect from 25th September 1976.

G. M. M. E. KARIM
Deputy Chief
ex-officio Deputy Secretary.

শিক্ষা মন্ত্রণালয়

(শিক্ষা বিভাগ, দ্বিতীয় শাখা)

ঢাকা, ৮ই অক্টোবর ১৯৭৬।

নং ২/৯৯৬-শিক্ষা—ঢাকাস্থ জগন্নাথ কলেজের উদ্ভিদ বিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপিকা মিসেস খোরশেদা বানুকে বদলী করিয়া পুনরাদেশ না দেওয়া পর্যন্ত জনসংখ্যা শিক্ষা কার্যক্রমের বিষয় বিশেষজ্ঞ পদে নিয়োগ করা হইল।

ঢাকা, ১১ই অক্টোবর ১৯৭৬।

নং ২/১০০৪-শিক্ষা—ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রধান মূল্যায়ন অফিসার মিসেস জেবুন্নেছা রহমানকে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধি অনুযায়ী স্বাস্থ্যগত কারণে ৪ মাসের অর্ধ গড়-বেতনের ছুটিকে রূপান্তরিত করিয়া ৩রা আগষ্ট ১৯৭৬ হইতে ২রা অক্টোবর ১৯৭৬ তারিখ পর্যন্ত ২ মাসের পূর্ণ গড়-বেতনে ছুটি মঞ্জুর করা হইল এবং পরবর্তী রবিবার (৩রা অক্টোবর ১৯৭৬ তারিখ) এই সংগে সংযুক্ত করিবার অনুমতি দেওয়া হইল।

ঢাকা, ১২ই অক্টোবর ১৯৭৬।

নং ২/১০০৬-শিক্ষা—শিক্ষা মন্ত্রণালয়ের জারীকৃত ২৪শে ফেব্রুয়ারী ১৯৭৬ তারিখের ২/১৮৯-শিক্ষা নম্বর প্রজ্ঞাপনটির সংশোধনক্রমে রাজশাহী বিভাগের স্কুল পরিদর্শিকা মিস উম্মে আয়েশা খাতুনকে ১৯৫৯ সালের নির্দ্ধারিত ছুটি বিধির ৩(১)(বি)(২) ধারা মোতাবেক ২২শে মার্চ ১৯৭৬ তারিখ হইতে ২৩শে জুন ১৯৭৬ তারিখ পর্যন্ত পূর্ণ গড়-বেতনে ছুটি মঞ্জুর করা হইল।

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং ২/১০২৪-শিক্ষা—ঢাকাস্থ ইডেন মহিলা মহাবিদ্যালয়ের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপিকা ডঃ (মিসেস) মালেকা আলেম-আল-রাজীকে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধির ৩(১)(বি)(৩) ধারা অনুযায়ী ২রা মার্চ ১৯৭৬ হইতে ১৪ই সেপ্টেম্বর ১৯৭৬ পর্যন্ত অর্ধ গড়-বেতনে প্রাক অবসর কালীন ছুটি মঞ্জুর করতঃ ১৫ই সেপ্টেম্বর ১৯৭৬ হইতে অবসর গ্রহণের অনুমতি দেওয়া হইল।

ঢাকা, ১৫ই অক্টোবর ১৯৭৬।

নং ২/১০২৭-শিক্ষা—চট্টগ্রাম বিভাগের প্রাক্তন স্কুল পরিদর্শিকা বর্তমানে খুলনা শিক্ষক প্রশিক্ষণ মহা বিদ্যালয়ের উপাধ্যক্ষা মিসেস আঞ্জুমান আরাকে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধি অনুযায়ী ৯ই মে ১৯৭৬ তারিখ রবিবার সংযোজন করিয়া ১০ই মে ১৯৭৬ তারিখ হইতে ২৭শে জুন ১৯৭৬ তারিখ পর্যন্ত ৪৯ (উনপঞ্চাশ) দিনের পূর্ণ গড়-বেতনে ছুটি মঞ্জুর করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দীপক কুমার সাহা
শাখা প্রধান-২

শাখা ৪

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং শাঃ ৪/৫-৪৩/৭৫/৫৪০-শিক্ষা—ঢাকাস্থ তীতুমির কলেজের অধ্যক্ষ জনাব নুরুজ্জামানকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষার উন্নয়ন প্রকল্পের প্রকল্প-পরিচালক পদে নিয়োগ করা হইল।

এই নিয়োগ জনস্বার্থের খাতিরে করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফেরদাউস খান
শিক্ষা-সচিব।

শাখা ১১।

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং শাখা-১১/৪এ-২৭/৭৪./.৭৬৬-শিক্ষা—বাংলাদেশ পাবলিক সার্ভিস (প্রথম) কমিশনের সুপারিশক্রমে রাজশাহী প্রকৌশল মহাবিদ্যালয়ের সহকারী অধ্যাপক (সিভিল), জনাব জি, এম, হাবিবুল্লাহকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত এড-হক ভিত্তিতে একই মহাবিদ্যালয়ে সহযোগী অধ্যাপক (সিভিল) পদে পদোন্নতি প্রাপ্ত জনাব আবদুল হান্নানের স্থলে নিয়োগ করা হইল।

এই নিয়োগ উক্ত পদের দায়িত্বভার গ্রহণের তারিখ হইতে কার্যকরী হইবে।

নং শাখা-১১/৪এ-২৭/৭৪./.৭৬৭-শিক্ষা—বাংলাদেশ পাবলিক সার্ভিস (প্রথম) কমিশনের সুপারিশক্রমে ঢাকাস্থ টেকনিকেল টিচার্স ট্রেনিং কলেজের এড-হক সহযোগী অধ্যাপক (সিভিল), জনাব গোলাম ফরিদ উদ্দিন আখতারকে বদলী করিয়া, পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত এড-হক ভিত্তিতে চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যালয়ে সহযোগী অধ্যাপক (সিভিল) পদে নিয়োগ করা হইল।

এই নিয়োগ উক্ত পদের দায়িত্বভার গ্রহণের তারিখ হইতে কার্যকরী হইবে।

অত্র মন্ত্রণালয়ের ২৫শে জানুয়ারী ১৯৭৫ তারিখের জারীকৃত শাখা-১১/৪এ-৪৪/৭৪/৮৫-শিক্ষা প্রজ্ঞাপন বাতিল করা হইল।

নং শাখা-১১/৪এ-২৭/৭৪/৭৬৮-শিক্ষা—বাংলাদেশ পাবলিক সার্ভিস (প্রথম) কমিশনের সুপারিশক্রমে চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যালয়ের সহকারী অধ্যাপক (ইলেকট্রিকেল), জনাব আহসানুল হুদাকে, পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত এড-হক ভিত্তিতে একই মহাবিদ্যালয়ে সহযোগী অধ্যাপক (ইলেকট্রিকেল) পদে নিয়োগ করা হইল।

এই নিয়োগ উক্ত পদের দায়িত্বভার গ্রহণের তারিখ হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, এ, বরকাত

উপ-সচিব।

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং শাখা-১১/৪এ-৩৭/৭৩/৭৭৩-শিক্ষা—ঢাকা পলিটেকনিক ইন্‌স্টিটিউটের চীফ-ইন্‌স্ট্রাক্টর (পাওয়ার)-এর পদটি নিয়মিতভাবে পূরণ হওয়া সাপেক্ষে বাংলাদেশ পাবলিক সার্ভিস (প্রথম) কমিশনের সুপারিশক্রমে উক্ত পদের বর্তমান চীফ-ইন্‌স্ট্রাক্টর, জনাব এ, এন, এম, ওবায়দুল ইসলামের এড-হক চাকুরীর মেয়াদ সাময়িকভাবে ৩১শে ডিসেম্বর ১৯৭৬ তারিখ পর্যন্ত বাড়ানো হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জালাল উদ্দিন আহমেদ

শাখা প্রধান।

শুদ্ধিপত্র

ঢাকা, ১১ই অক্টোবর ১৯৭৬।

নং শাখা-১১/৪এ-৩৮/৭৪/৭৭৬-শিক্ষা—শিক্ষা মন্ত্রণালয়ের ২১শে জুলাই ১৯৭৬ তারিখের শাখা-১১/৪এ-৩৮/৭৪/৫৭৬-শিক্ষা প্রজ্ঞাপনে জারীকৃত "জনাব আবদুল হান্নান"-এর স্থলে "জনাব মোহাম্মদ আবদুল হান্নান" পড়িতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জালাল উদ্দিন আহমেদ

শাখা প্রধান।

(সাংস্কৃতিক বিষয়াবলী ও ক্রীড়া বিভাগ)

সংশোধনী

ঢাকা, ৭ই অক্টোবর ১৯৭৬।

নং এলবি/১এ-৬৩/৭৫/৬১৫-সংক্রী—সাংস্কৃতিক বিষয়াবলী ও ক্রীড়া বিভাগ কর্তৃক ৭ই জুলাই ১৯৭৬ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এলবি/১এ-৬৩/৭৫/৪০৬-সংক্রী-এর ১ম অনুচ্ছেদে "জনাব ওয়াকি মোহাম্মদ কামরুল হুদা"-এর স্থলে "জনাব ওয়াফি মোহাম্মদ কামরুল হুদা" পড়িতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মীর মঃ আনোয়ার আলী

উপ-শিক্ষা উপদেষ্টা।

ঢাকা, ৮ই অক্টোবর ১৯৭৬।

নং ক্রীড়া/৪এ-৯/৭৬(সংক্রী)/৭৩৮—বাংলাদেশ জুনিয়র এডুকেশন সার্ভিসের দর্শন বিভাগের লেকচারার জনাব মীর মুহম্মদ লিয়াকত আলীকে 'স্পোর্টস্ ডাইরেক্টরেটে' সহ-পরিচালক পদে ৭ই অক্টোবর ১৯৭৬ হইতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিয়োগ করা হইল।

মোঃ ফেরদাউস খান

সচিব।

বাংলাদেশ নির্বাচন কমিশন

ঢাকা, ১২ই অক্টোবর ১৯৭৬।

নং ২(৯৮)/৭২-সংস্থাপন-১—যেহেতু সৈয়দ মমিনুল ইসলাম, নির্বাচন অফিসার, জয়পুরহাট (সাময়িকভাবে কর্মচ্যুত)-এর বিরুদ্ধে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হইয়াছে, সেহেতু বাংলাদেশ নির্বাচন কমিশন সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ১৯৭৬ মোতাবেক তাঁহাকে নিম্নলিখিত দণ্ড প্রদান করিতেছেঃ

(১) সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ১৯৭৬-এর ৪(৩)(খ) ধারা মোতাবেক সৈয়দ মমিনুল ইসলামকে ১২ই অক্টোবর ১৯৭৬ হইতে বাধ্যতামূলকভাবে চাকুরী হইতে অবসর (Compulsory Retirement) প্রদান করা হইল;

(২) সৈয়দ মমিনুল ইসলামের সাময়িক বরখাস্তকালীন সময়কে (১৮ই নভেম্বর ১৯৭৫ হইতে ১১ই অক্টোবর ১৯৭৬ তারিখ পর্যন্ত) বিধি মোতাবেক ছুটি হিসাবে গণ্য করা হইবে; এবং

(৩) সৈয়দ মমিনুল ইসলামের নিকট হইতে সরকারী অব্যবহৃত কাগজপত্র বিক্রয়লব্ধ টাকা ৯৬৪·০০ (নয়শত চৌষট্টি), যাহা তিনি সরকারী ট্রেজারীতে জমা দেন নাই, এবং অন্যান্য সরকারী পাওনা (যদি কোন টাকা সরকারের পাওনা থাকিয়া থাকে) তাহার গ্র্যাচুইটি, ভবিষ্য তহবিল, পেনসন ইত্যাদি হইতে আদায় করা হইবে।

এম, কেরামত আলী

সচিব।

MINISTRY OF FOREIGN AFFAIRS

Dacca, the 11th October 1976.

No. Estt.(I)-41/72.—Consequent upon his transfer to the Headquarters, Mr M. M. Rezaul Karim relinquished the charge of the post of Minister and Charge d' Affaires in the Embassy of Bangladesh, Jedda, Saudi Arabia, in the afternoon of 18th August, 1976.

2. Mr M. M. Rezaul Karim assumed the charge of the post of Director-General in the Ministry of Foreign Affairs, Dacca, in the forenoon of 31st August, 1976 and until further orders.

S. M. AFAZUDDIN

Section Officer.

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(সদর সংস্থাপন)

ঢাকা, ৩রা আগষ্ট ১৯৭৬।

নং ৩২/প্রঃ ৬/৭৬—সংস্থাপন বিভাগের বিজ্ঞপ্তি নং ইডি/এ, ১-১৯৭/৭৬-৬৬৬, তারিখ ২৯শে জুলাই ১৯৭৬ সূত্রে জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরীকে শ্রম ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের উপ-সচিব পদে যোগদানের সমর্থকরণের নিমিত্তে ৩রা আগষ্ট ১৯৭৬ তারিখ অপরাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (প্রশাসন) পদের দায়িত্বভার হইতে অব্যাহতি দেওয়া হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ গোলাম কিবরিয়া

দ্বিতীয় সচিব।

নং ৯(৭)-প্রঃ ৬/৭২/১৯০১১

ঢাকা, ৮ই অক্টোবর ১৯৭৬।

নং ৪৭/প্রঃ৬/৭৬—জাতীয় রাজস্ব বোর্ডের ৭ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের প্রজ্ঞাপন নং ৪১/প্রঃ৬/৭৬ মোতাবেক জনাব মোঃ জহির উদ্দিন ভূঁইয়া ২২শে সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (প্রশাসন) পদের কার্যভার গ্রহণ করেন।

নং ৪৮/প্রঃ৬/৭৬—জাতীয় রাজস্ব বোর্ডের ৭ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের প্রজ্ঞাপন নং ৪১/প্রঃ৬/৭৬ মোতাবেক জনাব জহুরুল হামিদ ১লা অক্টোবর ১৯৭৬ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (প্রশাসন) পদের কার্যভার গ্রহণ করেন।

সৈয়দ গোলাম কিবরিয়া
দ্বিতীয় সচিব।

(শুল্ক ও আবগারী সংস্থাপন)

ঢাকা, ৮ই অক্টোবর ১৯৭৬।

নং পি, এফ-১(২০)সিই/৭৪/১৮৮৫৫—জাতীয় রাজস্ব বোর্ডের ১৬ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের ৫(৪৮)প্রঃ ১/৭৫ নং প্রজ্ঞাপন মোতাবেক পদোন্নতিপ্রাপ্ত জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (শুল্ক) জনাব ফজলুর রহমান ১৬ই সেপ্টেম্বর ১৯৭৬ (পূর্বাহ্ন) তারিখে ঢাকাস্থ শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তরে ডেপুটি ডাইরেক্টরের কার্যভার গ্রহণ করেছেন।

জহুরুল হামিদ
দ্বিতীয় সচিব।

MINISTRY OF HOME AFFAIRS

Village Defence Branch

Dacca, the 9th October 1976.

No. 98-Mins/HA/VDP.—Mr Mohammad Manir Hossain Khan, Instructor, Mechanical, Dacca Polytechnic Institute, is appointed on *ad hoc* basis, until further orders, as Assistant Director to the Rehabilitation Centre for the Politically Misguided Youths, with the rank, status and pay of the Instructor, Mechanical, with immediate effect.

2. The appointment is made in the interest of public service.

MANZOOR-UL KARIM
Joint Secretary(Poll).

সীমান্ত শাখা (১)

ঢাকা, ১১ই অক্টোবর ১৯৭৬।

নং বিএ৩পি-১১/৭৬(১)৮৫০—নিম্নলিখিত বি ডি আর অফিসারগণকে তাঁহাদের বর্তমান কর্মস্থল হইতে তাঁহাদের নামের পার্শ্বে দেখানো নূতন জায়গায় অনতিবিলম্বে বদলী করা হইলঃ—

(১) বিএ ৫১৫৮ লেঃ কর্ণেল কাজী আলী আশরাফ, এ এ এণ্ড কিউ এম জি, সদর দফতর, বি ডি আর, ঢাকা—সেক্টর কমাণ্ডার, বি ডি আর, ঢাকা।

(২) বিএসএস ৮০১৬ মেজর মোঃ নূরুল হক, অফিসিয়েটিং সেক্টর কমাণ্ডার, বি ডি আর, যশোহর—এ এ এণ্ড কিউ এম জি, সদর দফতর, বি ডি আর, ঢাকা।

(৩) বিএসএস ৮১৯৯ মেজর ফরিদউদ্দিন আহমেদ, অফিসিয়েটিং সেক্টর কমাণ্ডার, বি ডি আর, ঢাকা—অফিসিয়েটিং সেক্টর কমাণ্ডার, বি ডি আর, কুমিল্লা।

(৪) বিএসএস ৮২১৭ মেজর এম ফখরুদ্দিন আহমেদ, উইং কমাণ্ডার, ৭ নং উইং, বি ডি আর, কক্সবাজার, চট্টগ্রাম—অফিসিয়েটিং সেক্টর কমাণ্ডার, বি ডি আর, খুলনা।

(৫) বিএসএস ৯৪৩৯ মেজর শেখ মোহাম্মদ আমীন, ফিল্ড সিকিউরিটি অফিসার-১, বি ডি আর, ঢাকা—জি এস ও-১ (ট্রেনিং) অপস্ এণ্ড ট্রেনিং ডাইরেক্টরেট, বি ডি আর, ঢাকা।

(৬) বিএ ১০৬৫৮ মেজর মোঃ ফজরুব রব, উইং কমাণ্ডার, ১১ নং উইং, বি ডি আর, নওগাঁও, রাজশাহী—ফিল্ড সিকিউরিটি অফিসার, সদর দফতর, বি ডি আর, ঢাকা।

(৭) বিএ ১২৭৮২ মেজর আব্দুল মান্নান মিয়া, এসিস্টেন্ট উইং কমাণ্ডার, ৬ নং উইং, বি ডি আর, কুড়িগ্রাম, রংপুর—উইং কমাণ্ডার, ১০ নং উইং, বি ডি আর, রংপুর।

(৮) এসএস ৪১ ক্যাপ্টেন ফজলুর রহমান, এসিস্টেন্ট উইং কমাণ্ডাব, ১১ নং উইং বি ডি আর, নওগাঁও, রাজশাহী—অফিসিয়েটিং উইং কমাণ্ডার, ৭ নং উইং, বি ডি আর, নওগাঁও, রাজশাহী।

(৯) বিএসএস ১১৬৯১ ক্যাপ্টেন এম আব্দুর রব, এসিস্টেন্ট উইং কমাণ্ডার, ৭ নং উইং, বি ডি আর, কক্সবাজার, চট্টগ্রাম—অফিসিয়েটিং উইং কমাণ্ডার, ৭ নং উইং, বি ডি আর, কক্সবাজার, চট্টগ্রাম।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এম, এম, রেজা
উপ-সচিব।

স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ, শ্রম ও জমাজকল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য বিভাগ

পারসোনেল শাখা ১

ঢাকা, ৭ই অক্টোবর ১৯৭৬।

নং পার-১/৫এ-৯৩/৭৫/১৪৬—বাংলাদেশ পাবলিক সার্ভিস (প্রথম) কমিশনের অনুমোদনক্রমে নিম্নলিখিত ডাক্তারগণকে মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিয়া) হিসাবে এড-হক ভিত্তিতে ৬ মাসের জন্য অথবা পদগুলিতে নিয়মিতভাবে নিয়োগের জন্য কমিশন কর্তৃক উপযুক্ত প্রার্থী নির্বাচন—এই দুইটি সময়ের মধ্যে যাহা অল্পতর, সেই সময় পর্যন্ত নিয়োগ করা হইল এবং তাঁহাদের নামের পার্শ্বে বর্ণিত পদে বহাল করা হইল ঃ

(১) ডাঃ ফখরন নিছা, এম, বি, বি, এস, ডি, এ, সহকারী সার্জন, সুপি ডিউটি, স্নাতকোত্তর চিকিৎসা মহাবিদ্যালয়, ঢাকা—সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিয়া), ঢাকা মেডিকেল কলেজ। তিনি সহযোগী অধ্যাপক, (এ্যানেসথেসিয়া) পদের বিপরীতে কাজ করিবেন।

(২) ডাঃ দিলীপ কুমার দাস, এম, বি, বি, এস, ডি, এ, সহকারী সার্জন, সুপি ডিউটি, স্নাতকোত্তর চিকিৎসা মহাবিদ্যালয়, ঢাকা—সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিয়া), বরিশাল মেডিকেল কলেজ।

(৩) ডাঃ মোঃ খলিলুর রহমান, এম, বি, বি, এস, ডি, এ, এ্যানেসথেটিস, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল—সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিয়া), চট্টগ্রাম মেডিকেল কলেজ।

Dacca, the 9th October 1976.

No. Per-1/5A-20/76/160.—Mrs Rahima Khatun, Superintendent of Nursing Services, Bangladesh, is appointed to hold, until further orders, the charge of current duties of the post of Director of Nursing Services, Bangladesh, in addition to her own duties,

No. Per-1/P-89/76/161.—Dr Md. Rafi Khan, Joint Director and Professor of Paediatrics, Institute of Post-Graduate Medicine, Dacca, is granted (*ex*-Asia) leave on average pay for one month and 8 days with effect from 13th October 1976 or from the actual date of availing under rule 3(*1*)(*b*)(*ii*) of the Prescribed Leave Rules, 1959.

No. Per-1/P-89/76/162.—Dr Abul Khair Khan, Director, Institute of Diseases of the Chest and Hospital, Mohakhali, Dacca, is granted (*ex*-Asia) leave on average pay for one month and 16 days with effect from 15th October 1976 or from the actual date of availing under rule 3(*1*)(*b*)(*ii*) of the Prescribed Leave Rules, 1959.

Dacca, the 12th October 1976.

No. Per-1/P-75/76/165.—On his return from abroad Dr. Rashiduddin Ahmed, is posted as Associate Professor of Neuro-Surgery, Institute of Post-Graduate Medicine, Dacca, until further orders. He will work against the Professor of Neuro-Surgery of the same Institute.

No. Per-1/P-75/76/166.—Dr Ata Alahi Khan, Assistant Professor of Neuro-Surgery, Institute of Post-Graduate Medicine, Dacca, now working against the post of Associate Professor of Neuro-Surgery of the same Institute, is transferred and posted as Assistant Professor of Neuro-Surgery, Dacca Medical College, to work against the post of Associate Professor of Surgery, vice Dr M. A. T. Siddique.

By order of the President
S. M. RASUL
Deputy Secretary (Admn).

[To be substituted for the Notification bearing the same number and date.]

Dacca, the 15th September 1976.

No. Per-1/5A-78/75/112.—With the concurrence of the Bangladesh Public Service (1st) Commission, the following Assistant Surgeons are appointed on *ad hoc* basis as Assistant Professor of E.N.T. Diseases for Medical College for a period of six months or till candidates are appointed to the posts on regular basis through the Commission, whichever period is shorter and posted to the Medical Colleges as noted against their names :

(1) Dr Ranjit Kumar Bhowmik, M.B.B.S., D.L.O., Assistant Surgeon, Institute of Post-Graduate Medicine, Dacca—Assistant Professor, E. N.T. Dtseases, Rajshahi Medical College.

(2) Dr Alauddin Ahmed, M.B.B.S, D.L.O., Assistant Surgeon, Institute of Post-Graduate Medicine, Dacca—Assistant Professor, E. N.T. Diseases, Sylhet Medical College.

(3) Dr Md. Hamidur Rashid Chowdhury, M.B. B.S., M.C.P.S., Assistant Surgeon (Resident Surgeon), Chittagong Medical College Hospital—Assistant Professor, E.N.T. Diseases, Chittagong Medical College.

By order of the President
Z. HOQ CHOUDHURY
Section Officer.

পারসোনেল শাখা-৩

ঢাকা, ১২ই অক্টোবর ১৯৭৬।

নং পার-৩/১পি-৬৭৯/৭৬/৬৯৮—বাংলাদেশ সরকারী (প্রথম) কর্ম কমিশনের অনুমোদনক্রমে চট্টগ্রাম রিজিওনাল ড্রাগস লেবরেটরির সহকারী রসায়নবিদ পদে জনাব দেলওয়ারুল ইসলাম-এর এড-হক ভিত্তিক নিয়োগকাল ৩১শে অক্টোবর ১৯৭৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
জেড, হক চৌধুরী
সেকশন অফিসার।

সংযোজনী বিজ্ঞপ্তি

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং পার-৩/৪এ-৫/৭৫/৬৯৯—অত্র মন্ত্রণালয়ের ১৮ই আগষ্ট ১৯৭৬ তারিখের পার-৩/৪এ-৫/৭৬/৬৭২ নং বিজ্ঞপ্তিতে যে সমস্ত সহকারী সার্জনদের, এড-হক ভিত্তিক চাকুরীর মেয়াদ ৩১শে ডিসেম্বর ১৯৭৬ তারিখ পর্যন্ত বর্ধিত করিয়া দেওয়া হইয়াছিল সেই বিজ্ঞপ্তির শেষে নিম্নে লিখিত ডাক্তারের নাম সংযোজন করা হইলঃ

(২১১) ডাঃ নাইমা আখ্‌তার—ঢাকা মেডিকেল কলেজের মৌলিক বিষয়ে কাজ করার জন্য সহকারী সার্জন হিসাবে সুপি ডিউটিতে কার্যরতা।

রাষ্ট্রপতির আদেশক্রমে
জেড হক চৌধুরী
সেকশন অফিসার।

তথ্য ও বেতার মন্ত্রণালয়

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং ৬/II/৭৪-প্রশাসন/১৮০৫৮(৪)—অত্র মন্ত্রণালয়ের শাখা প্রধান জনাব মোহাম্মদ আবদুল মজিদকে ২৭শে মে ১৯৭৬ থেকে ২রা সেপ্টেম্বর ১৯৭৬ পর্যন্ত তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত অন্য একটি শাখার দায়িত্বভার বহনে নিযুক্ত করা হয়।

আবু ওয়াহেদ নুরুদ্দীন আহমদ
উপ-সচিব (প্রশাসন)।

আদেশ

ঢাকা, ১২ই অক্টোবর ১৯৭৬।

নং ২/৩০/৭৪-প্রশাসন/১৮১৬৮(৮)—মন্ত্রীপরিষদ সচিবালয় সংস্থাপন বিভাগের ৮ই জুন ১৯৭৬ তারিখের বিজ্ঞপ্তি নং ইঃ উঃ/এস১-৭৪/৭৬-২৭২ মোতাবেক তথ্য ও বেতার মন্ত্রণালয়ের শাখা প্রধান জনাব মোহাম্মদ নূরন নবীকে ১১ই অক্টোবর ১৯৭৬ তারিখ অপরাহ্নে উক্ত পদ হইতে অব্যাহতি দেয়া হল।

আবু ওয়াহেদ নুরুদ্দীন আহমদ
উপ-সচিব (প্রশাসন)।

ঢাকা, ১৩ই অক্টোবর ১৯৭৬।

নং ৬/২/৭৪-প্রশাসন/১৮৫৩২—তথ্য ও বেতার মন্ত্রণালয়ের শাখা প্রধান জনাব মোঃ আবদুল মজিদকে ৪ঠা সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ হইতে ১১ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ পর্যন্ত ও ১৪ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ হইতে ১৮ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ পর্যন্ত পাওনা সাপেক্ষে গড়-বেতনে ছুটি মঞ্জুর করা

হইল। ১২ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ ও ১৯শে সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ রবিবার উক্ত ছুটিদ্বয়ের শেষে জুড়ে নিতে জনাব মজিদকে অনুমতি দেওয়া হইল।

জনাব মজিদ উক্ত ছুটি শেষ হওয়ার পর অদ্য মন্ত্রণালয়ে তাঁহার নিজ পদে পুনরায় যোগদান করিয়াছেন।

ফজলুল কবীর
শাখা প্রধান (প্রশাসন)।

MINISTRY OF LAW AND PARLIAMENTARY AFFAIRS

Dacca, the 13th October 1976.

No. 992-Law.—Mr Md. Hamidul Haque, Section Officer, Ministry of Law and Parliamentary Affairs, is granted earned leave for 9 days with effect from 28th September 1976 to 6th October 1976 with permission to prefix Eid-holiday from 23rd September 1976 to 27th September 1976 under rule 8(b) of the Prescribed Leave Rules, 1959. The officer is likely to resume his duties in this office on the expiry of the leave.

K. M. HOSSAIN
Deputy Secretary.

শাখা বিচার-৩

ঢাকা, ৯ই অক্টোবর ১৯৭৬।

নং ৬৭৭-বিচার-৩/২এল-২/৭৫—বাকেরগঞ্জের সাব-জজ জনাব মোঃ আমিনুল ইসলামকে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধির ৩(১)(বি)(২) ধারার অধীনে ১৩৮ দিনের অর্ধ গড়-বেতনের ছুটি রূপান্তরিত করিয়া ১৯৭৬ সালের ৯ই জুলাই হইতে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত ৬৯ দিনের গড়-বেতনে ছুটি মঞ্জুর করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
খন্দকার মাহ্‌বুব হুসাইন
উপ-সচিব।

'Justice Branch
Section IV

Dacca, the 11th October 1976.

No. 797-JIV/3M-36/76.—In pursuance of the provisions of sub-section (4) of section 5A of the Income-tax Act, 1922 (XI of 1922), the Government is pleased to appoint Mr Mohibbul Haque, Judicial Member of the Income-tax Appellate Tribunal, to be the President of the Income-tax Appellate Tribunal remains on leave.

By order of the President
H. M. R. SIDDIQUI
Joint Secretary.

শাখা রেজিস্ট্রেশন-৬

ঢাকা, ১৫ই অক্টোবর ১৯৭৬।

নং ৫৭৭-আর ৬/১এল-১৩/৭৬—তদকালীয় পশ্চিমাঞ্চলীয় রেজিস্ট্রী অফিসসমূহের পরিদর্শক জনাব এ, এফ, এম, আলী হায়দারকে ১৯৫৯ সালের ছুটি বিধির ৩(১)(খ)(২) বিধি মতে ১৯৭৫ সালের ১৯শে ফেব্রুয়ারী হইতে ১৯৭৫ সালের ২৪শে এপ্রিল পর্যন্ত ২ মাস ৬ দিনের স্বাস্থ্যগত কারণে গড়-বেতনে ছুটি মঞ্জুর করা গেল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সৈয়দ মিছবাহউদ্দিন হোসেন
উপ-সচিব।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

ঢাকা, ৩০শে সেপ্টেম্বর ১৯৭৬।

নং এফ-১(৯)/৭৫-সংস্থাপন(৩২)—সংস্থাপন বিভাগের মনোনয়নক্রমে এবং রেজিষ্ট্রী পরিদপ্তর, ঢাকার ২০শে সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের ১০১ নং বিজ্ঞপ্তি অনুসারে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সুপারিনটেনডেন্ট জনাব মোহাম্মদ কাসিমকে একই পরিদপ্তরের অধীনে শ্যামনগর, খুলনায় সাব-রেজিষ্ট্রার পদে দায়িত্বভার গ্রহণের নিমিত্ত জনস্বার্থের খাতিরে ৩০শে সেপ্টেম্বর ১৯৭৬ তারিখ (অপরাহ্নে), অদ্য সচিবালয় হইতে বিমুক্ত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
খোন্দকার আবদুল হক
উপ-সচিব।

ভূমি প্রশাসন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ

শাখা নং ১ (প্রতিষ্ঠানিক)

আদেশ

ঢাকা, ৫ই অক্টোবর ১৯৭৬।

নং ১০এ-২/৭৫/১৩১৭-প্রতিষ্ঠানিক—জনাব খন্দকার মোঃ আরীফ, শাখা প্রধান-কে তাঁহার ২৪নং শাখার কাজের অতিরিক্ত হিসাবে অদ্য বিভাগের ১৯নং শাখার দায়িত্ব অর্পণ করা গেল।

এই আদেশ অনতিবিলম্বে কার্যকরী হইবে।

বাহাউদ্দিন আহমদ
অতিরিক্ত সচিব।

[একই নম্বর ও তারিখ বিশিষ্ট বিজ্ঞপ্তির পরিবর্তে বিবেচিত হইবে]

শাখা-১২

ঢাকা, ৪ঠা আগষ্ট ১৯৭৬।

নং ১২-১৭৭/৭৫/৫৪০—রংপুরের শিক্ষানবিশ ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর জনাব মোঃ ফজলুল হককে যাহার চাকুরী মন্ত্রী পরিষদ সচিবালয়, সংস্থাপন বিভাগের ৫ই মে ১৯৭৬ তারিখের স,বি(জে-৫)২-৭৬/৩১০ নম্বর বিজ্ঞপ্তিতে অদ্য বিভাগের অধীনে ন্যস্ত করা হইয়াছে, এড-হক ভিত্তিতে পুনরাদেশ না হওয়া পর্যন্ত বাংলাদেশ ভূমি রেকর্ড ও জরীপ পরিচালনা দপ্তরের অধীনে তাঁহার কার্যভার গ্রহণ করার তারিখ হইতে ন্যস্ত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, এস, এম, নূরুন্নবী
উপ-সচিব।

শাখা ২৩

ঢাকা, ৫ই অক্টোবর ১৯৭৬।

নং ৯ই-৯/৭৫/১৫২-রিকুইন—অদ্য মন্ত্রণালয়ের ২৫শে অক্টোবর ১৯৭৫ তারিখের ৯ই-৯/৭৫/১১৪৯-রিকুইন বিজ্ঞপ্তিতে টাংগাইলের ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর জনাব মোঃ আবদুস সাত্তারকে চট্টগ্রাম কালেক্টরেটের অতিরিক্ত ভূমি হুকুম দখল অফিসার হিসাবে নিয়োগ করা হইয়াছিল উহা পরিবর্তন করিয়া তাঁহাকে বাখরগঞ্জ কালেক্টরেটের ভূমি হুকুম দখল (ওয়াপদা) শাখায় বিশেষ ভূমি হুকুম দখল অফিসার হিসাবে নিয়োগ করা হইল।

এল, এ, এক্ট, ১৮৯৪ (১৮৯৪ সনের ১ নং আইন)-এর ৩৯ ধারা এবং পূর্ব বাংলা এ্যাকুইজিশন অব ওয়েষ্ট ল্যান্ড এক্ট, ১৯৫০ (১৯৫০ সনের ১৯ নং আইন)-এর ২(১) ধারা অনুসারে তাঁহাকে একজন কালেক্টর হিসাবে কাজ করিবার ক্ষমতা প্রদান করা হইল।

গণস্বার্থে এই বদলী করা হইল।

নং ৯ই-৯/৭৫/৯৫৩-রিকুইন—অত্র মন্ত্রণালয়ের ১১ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের ৯ই-৯/৭৫/৯০৯-রিকুইন বিজ্ঞপ্তিতে চট্টগ্রাম কালেক্টরেটের ভূমি হুকুম দখল সি, ডি, এ, শাখার বিশেষ ভূমি হুকুম দখল অফিসার জনাব খন্দকার মিজানুর রহমানকে বাখরগঞ্জ কালেক্টরেটের ভূমি হুকুম দখল (ওয়াপদা) শাখায় বিশেষ ভূমি হুকুম দখল অফিসার হিসাবে বদলী করা হইয়াছিল উহা এতদ্বারা বাতিল করা হইল।

নং ৯ই-১২/৭৫অংশ-১/৯৫৪-রিকুইন—অত্র মন্ত্রণালয়ের ১৫ই জুন ১৯৭৬ তারিখের ৯ই-১২/৭৫/৫৫০-রিকুইন বিজ্ঞপ্তিতে ঢাকার অতিরিক্ত ভূমি হুকুম দখল অফিসার জনাব এ, বি, এম, আবুল খায়েরের টাংগাইলে এবং টাংগাইলের অতিরিক্ত ভূমি হুকুম দখল অফিসার জনাব জাফর আহম্মদ তালুকদারের ঢাকায় বদলীর স্থগিতাদেশ উঠাইয়া লওয়া হইয়াছিল, উহা স্থানীয় স্বায়ত্ব শাসিত বিভাগের ১লা সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের S-IV-1A-1/76/606 নং বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত পুনরায় স্থগিত রাখা হইল।

ঢাকা, ১১ই অক্টোবর ১৯৭৬।

নং ৯ই-৯/৭৫/৯৮৭-রিকুইন—অত্র মন্ত্রণালয়ের ৮ই সেপ্টেম্বর ১৯৭৬ তারিখের ৯ই-৯/৭৫/৯০০-রিঃ বিজ্ঞপ্তিতে সিলেট কালেক্টরেটের এল, এ, ও, জনাব হরেন্দ্র নাথ হাওলাদারকে ফরিদপুর কালেক্টরেটে এবং ফরিদপুর কালেক্টরেটের এল, এ, ও, জনাব শেখ আবদুল হামিদকে সিলেট কালেক্টরেটে বদলী করা হইয়াছে। তাঁহাদের উক্ত বদলীর আদেশ আগামী ৩১শে ডিসেম্বর ১৯৭৬ তারিখ পর্যন্ত স্থগিত রাখা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ আবদুল হাই
উপ-সচিব।

(L.G.R.D. and Co-operatives Division)

Dacca, the 6th October 1976.

No. Coop-1/2A-34/76/891.—Mr Simon Subodh Roy, Research Officer, Co-operative Department, is granted leave on average pay for four months and 23 days from the 1st February 1976 to the 23rd June 1976 and leave on half-average pay for 25 days from the 24th June 1976 to the 18th July 1976 on medical grounds under rule *3(1)(b)(iii)* of the Prescribed Leave Rules, 1959.

